দৈনিক ইত্তেফাক

তারিখ ... 28 APR 2009 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

# জাতীয় বিশ্ববিদ্যালয় কার্যক্রম বন্ধ করার সিদ্ধান্তের প্রতিবাদ

## গত ১৭ বছরে এ বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রমকে গতিশীল ও মানসম্মত করতে পেরেছে। যা আগে সম্ভব হয়নি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) এবং বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের (বিপিসি) নেতৃবৃন্দ জাতীয় বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম বন্ধ করে স্নাতক ও স্নাতকোত্তর কলেজগুলোকে বিভাগীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করার সরকারি উদ্যোগের প্রতিবাদ জানিয়েছেন। গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, গুটি কয়েক ব্যক্তির প্রশাসনিক অদক্ষতা, সুষ্ঠু নেতৃত্ব ও যোগ্য পরিচালনার অভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম বন্ধ করা ঠিক হবে না। কলেজ শিক্ষার উন্নয়নের লক্ষ্যে জাতীয় সংসদে আইন প্রণয়ন করে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়। ফলে কলেজ শিক্ষার নব দিগন্তের সূচনা হয়। নেতৃবৃন্দ বলেন, কোন অসৎ উদ্দেশ্যকে সামনে রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইতিবাচক অগ্রযাত্রার পথকে রুদ্ধ করে দেশের কলেজ শিক্ষাকে বিপর্যয়ের দিকে ঠেলে দেয়ার উদ্যোগ নেয়া হচ্ছে তা আমাদের বোধগম্য নয়। জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষা ক্ষেত্রে যে গুরুত্বপূর্ণ ইতিবাচক ভূমিকা পালন করছে তা কিছু ব্যক্তির অনৈতিক কর্মকাণ্ডের কারণে অস্বীকার করা সম্পূর্ণ অন্যায়। তারা বলেন, কোনভাবেই এসব ব্যক্তির ব্যর্থতার অজুহাত তুলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম বন্ধ করার অপচেষ্টা মেনে নেওয়া হবে না। গত ১৭ বছরে জাতীয় বিশ্ববিদ্যালয় কলেজ পর্যায়ে শিক্ষার কার্যক্রমকে সুষ্ঠু, সুন্দর, গতিশীল ও মানসম্মত করতে পেরেছেন। যা জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আগে সম্ভব হয়নি। নেতৃবৃন্দ বিষয়টি সরকারকে পুনঃবিবেচনার জন্য আহ্বান জানান। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যাপক মোহাম্মদ মজহারুল হান্নান। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাকশিস এর সভাপতি অধ্যক্ষ ইসহাক হোসেন, মহাসম্পাদক (ভারপ্রাপ্ত) ড. একেএম আব্দুল্লাহ, বিপিসি'র সাধারণ সম্পাদক অধ্যক্ষ হারুনুর রশীদ পাঠান, অধ্যক্ষ মুজিবর রহমান হাওলাদার, অধ্যক্ষ এমএ মোনায়েম, মোঃ লিয়াকত আলী প্রমুখ।